# যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১০২৭

১/ বিবিধ

আরবী

حريم البئر البدي خمسة وعشرون ذراعا، وحريم البئر العادية خمسون ذراعا

ضعيف

أخرجه الدارقطني (ص 518) من طريق الحسن بن أبي جعفر، عن معمر عن الزهري عن سعيد بن المسيب عن أبي هريرة عن النبي صلى الله عليه وسلم، ومن طريق محمد ابن يوسف بن موسى المقريء بسنده إلى إبراهيم بن أبي عبلة عن الزهري به، وقال: الصحيح من الحديث أنه مرسل عن ابن المسيب، ومن أسنده فقد وهم

قلت: وفي الطريق الأولى الحسن بن أبي جعفر، وهو ضعيف كما قال الزيلعي (4/293) ، وفي الطريق الأخرى محمد بن يوسف المقريء، قال الحافظ في " التلخيص " (256)

وهو متهم بالوضع، وأطلق عليه ذلك الدارقطني وغيره

قلت: ولذلك جزم البيهقي بضعف الحديث، فقال بعد أن علقه من هذين الطريقين موصولا: وهو ضعيف

وقد روي من طريق ثالثة عن الزهري به، أخرجه أبو نعيم في أخبار أصبهان (1/309) والحاكم في " المستدرك " (4/97) من طريق عمر بن قيس المكي عن الزهري

قلت: وسكت عليه الحاكم ثم الذهبي فأساءا، لأن عمر هذا متروك كما في " التقريب " وقال في " التلخيص ": فيه ضعف

قلت: وفي هذا التعبير تساهل لا يخفى، وقال الزيلعي بعد أن ذكره من طريق الحاكم

وسكت عنه، قال عبد الحق في " أحكامه ": والمراسيل أشبه
قلت: ولا يشك في هذا من شم رائحة الحديث، فإن الطرق كلها واهية عن الزهري به موصولا، مع مخالفتها لروايات الثقات الذين أرسلوه عن الزهري، منهم إسماعيل بن أمية عن الزهري عن سعيد بن المسيب مرفوعا به
أخرجه الحاكم وكذا أبو داود في " مراسيله
وأخرجه البيهقي من طريق يونس عن الزهري به إلا أنه أوقفه على ابن المسيب، كما في النسخة المطبوعة من " البيهقي "، وأما الحافظ في " التلخيص "، فقد نقل عنه أنه رواه من هذه الطريق عن ابن المسيب مرسلا
تنبيه: عزى الصنعاني في " سبل السلام " (3/78) هذا الحديث لأحمد عن أبي هريرة، وهو وهم منه، فإن الحديث عنده (2/494) عنه بلفظ آخر وهو
" حريم البئر أربعون ذراعا من حواليها كلها لأعطان الإبل والغنم
وهو بهذا اللفظ حسن عندي كما بينته في السلسلة الأخرى (رقم: 251)

বাংলা

১০২৭। (ইসলামী যুগে) তৈরিকৃত নতুন কুয়ার সংরক্ষিত স্থান হবে পঁচিশ হাত, আর পুরাতন কুয়ার সংরক্ষিত স্থান হবে পঞ্চাশ হাত।

হাদীসটি দুর্বল।

এটি দারাকুতনী (পৃঃ ৫১৮) আল-হাসান ইবনু আবী জাফার সূত্রে মা’মার হতে, তিনি যুহরী হতে, তিনি সাঈদ ইবনুল মুসাইয়্যাব হতে, তিনি আবু হুরাইরাহ (রাঃ) হতে, তিনি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম হতে বর্ণনা করেছেন। তিনি (দারাকুতনী) মুহাম্মাদ ইবনু ইউসুফ ইবনে মূসা আল-মাকরী সূত্রে তার সনদে ইবরাহীম ইবনু আবী আবলাহ্ হতে, তিনি যুহরী হতে বর্ণনা করেছেন। অতঃপর তিনি বলেছেনঃ ইবনুল মুসাইয়্যাব হতে মুরসাল হিসেবে হাদীসটি সহীহ। আর যে মুসনাদ হিসেবে বর্ণনা করেছে সে সন্দেহ বশত করেছে।

আমি (আলবানী) বলছিঃ প্রথম সূত্রটিতে আল-হাসান ইবনু আবী জাফার রয়েছেন তিনি দুর্বল যেমনটি যায়লাঈ (৪/২৯৩) বলেছেন। আর দ্বিতীয় সূত্রটিতে মুহাম্মাদ ইবনু ইউসুফ আল-মাকরী রয়েছেন। তার সম্পর্কে হাফিয ইবনু হাজার "আত-তালখীস” গ্রন্থে (২৫৬) বলেনঃ তিনি জাল করার দোষে দোষী। দারাকুতনী প্রমুখও একই কথা বলেছেন।

আমি (আলবানী) বলছিঃ বাইহাকী দৃঢ়তার সাথে বলেছেন হাদীসটি দুর্বল। হাদীসটি তৃতীয় আরেকটি সূত্রেও যুহরী হতে বর্ণিত হয়েছে। এটি আবু নুয়াইম "আখবারু আসবাহান" গ্রন্থে (১/৩০৯) ও হাকিম "আল-মুসতাদরাক" গ্রন্থে (৪/৯৭) উমর ইবনু কায়েস আল-মাক্কী সূত্রে যুহরী হতে বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছিঃ এ হাদীসটির ব্যাপারে কোন হুকুম না লাগিয়ে হাকিম ও হাফিয যাহাবী ত্রুটি করেছেন। কারণ এ উমার মাতরূক যেমনটি “আত-তাকরীব” গ্রন্থে এসেছে। হাফিয ইবনু হাজার “আত-তালখীস” গ্রন্থে বলেনঃ তার মধ্যে দুর্বলতা রয়েছে। ইমাম আহমাদের নিকট নিম্নের বাক্যে হাদীসটি হাসানঃ

حريم البئر أربعون ذراعا من حواليها كلها لأعطان الإبل والغنم

অর্থাৎঃ উট ও ছাগলের জন্য কুয়ার চারি দিক থেকে সংরক্ষিত স্থান হচ্ছে চল্লিশ হাত।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=71906

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন